



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিচালন বাজেট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০১.০০১.২১-১৩

তারিখঃ ০৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২১-২২ অর্থবছরে পরিচালন বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ মঞ্জুরি হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা (সংশোধিত-২০২১) জারি করা হয়েছে। উক্ত নীতিমালাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (www.tmed.gov.bd) আপলোড করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান গড়ার নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- খ) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী তাদের জটিল ও ব্যয়বহুল রোগ এবং দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরির আবেদন করতে পারবেন;
- গ) সরকারি বা বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ জটিল ও ব্যয়বহুল রোগ, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধী, দরিদ্র মেধাবী ও অনগ্রসর সম্প্রদায়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
- ঘ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের **আগামী ১ লা ফেব্রুয়ারি, ২০২২ থেকে ২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে (www.tmed.gov.bd) “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদানের আবেদন ফরম” বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- ঙ) বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্ষেত্রে অনুদানের আবেদনের যথাযথ কারণসহ প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- চ) শিক্ষক ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ব্যয়ের প্রমাণাদিসহ ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমাণকপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে আবেদনের যথাযথ কারণ উল্লেখপূর্বক ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- জ) শিক্ষক-কর্মচারী এবং শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে;
- ঝ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করা হবে;
- ঞ) ২০২০-২০২১ অর্থবছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুদান পেয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী এ বছর **(চলতি ২০২১-২০২২ অর্থবছরে)** আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না/বিবেচিত হবেন না;
- ট) **আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।**

(স্বাক্ষর)

(সাবিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩৬